

Patient information: Bengali

Module 1

মডিউল ১:

অন্ত্র বা বাওয়েল সম্পর্কে জানা

আমরা খাবার খাওয়ার পর তা আমাদের খাদ্যনালী দিয়ে অগ্রসর হয়ে পাকস্থলীতে গিয়ে পৌঁছে, তারপর তা ক্ষুদ্রান্ত্রে যায়। ক্ষুদ্রান্ত্রে থাকা অবস্থায়ই খাবারের অধিকাংশ পুষ্টিকর উপাদান আমাদের দেহে শোষিত হয়। বৃহদান্ত্র বা কোলন হচ্ছে প্রায় ১.৫ মিটার লম্বা একটি নল যা ক্ষুদ্রান্ত্রকে মলনালী এবং মলদ্বারের সাথে যুক্ত করে। এটি পেটের ডানদিকে নিচের দিকে অবস্থিত অ্যাপেন্ডিক্স এবং সিকাম থেকে শুরু হয়ে উপরের দিকে উঠে বকের পাঁজরের নিচের দিক দিয়ে অগ্রসর হয়ে দেহের বামদিক দিয়ে আড়াআড়িভাবে অতিক্রম করে শ্রোণীতে (পেলভিসে) গিয়ে শেষ হয়েছে। বৃহদান্ত্র বা কোলন প্রায় ৩ সেন্টিমিটার প্রশস্ত এবং দেহের বর্জ্য পদার্থ জমা রাখা এবং নিঃসরণ করা সহ এর অনেক গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে।

বৃহদান্ত্র বা কোলনে বিভিন্ন ধরনের সমস্যা হতে পারে, যার অন্তর্ভুক্ত রয়েছে টিউমার এবং ক্যান্সার। টিউমারই বেশি হয়ে থাকে, কিন্তু এগুলো সাধারণত বিপজ্জনক নয় অথবা বিস্তার লাভ করে না, এর অর্থ হচ্ছে এগুলো দেহের অন্যান্য অংশে ছড়িয়ে পড়ে না। সাধারণত এগুলোর কোন উপসর্গ থাকে না; তবে, এগুলোকে শনাক্ত করা গুরুত্বপূর্ণ, কারণ বড় হওয়ার সাথে সাথে এগুলো বিপজ্জনক হয়ে উঠতে এবং ছড়িয়ে পড়তে পারে, যদিও বিপজ্জনক অবস্থা ধারণ করতে কয়েক বছর সময় লাগতে পারে। যদিও অধিকাংশ টিউমার কখনোই বিপজ্জনক হয়ে ওঠে না, তবুও এটা মনে করা হয় যে, অধিকাংশ অন্ত্রের বা বাওয়েল ক্যান্সারই একটি ক্ষুদ্র ঝুঁকিবহীন টিউমার হিসেবে শুরু হয়। অন্ত্রের ক্যান্সার হচ্ছে বিপজ্জনক আকার ধারণকারী ক্যান্সারগুলোর একটি, যা সাধারণত মধ্যবয়সী বা বয়স্ক ব্যক্তিদের হয়ে থাকে।

অন্ত্র বা কোলন পরীক্ষা করার জন্য বিভিন্ন ধরনের পদ্ধতি রয়েছে, যার অন্তর্ভুক্ত রয়েছে একটি কোলনোস্কোপের মাধ্যমে অন্ত্রের দেয়াল সরাসরি পরীক্ষা করা। কোলনোস্কোপ হচ্ছে ১.৫ মিটার লম্বা একটি নমনীয় নল, যার মাথায় রয়েছে একটি বিবর্ধক যন্ত্র এবং একটি লাইট, যা অন্ত্রের মধ্য দিয়ে সতর্কতার সাথে প্রবেশ করানো যায়। যদি টিউমার পাওয়া যায়, তাহলে অধিকাংশ সময়েই সেগুলোকে তখনই অপসারণ করে ফেলা যায়, অথবা ফোলা বা ক্ষতিকর বৈশিষ্ট্যের লক্ষণ পর্যবেক্ষণের জন্য অণুবীক্ষণ যন্ত্রের নিচে দিয়ে আরো পরীক্ষা করার জন্য 'বায়োপসি' নামক ক্ষুদ্র নমুনা সংগ্রহ করা যায়।

Module 2

মডিউল ২:

কোলনোস্কোপি (কোলন পরীক্ষা) জন্য প্রস্তুতি

কোলনোস্কোপি পদ্ধতিতে কোলন পরীক্ষা করার আগে পরীক্ষাটির প্রয়োজনীয়তা সম্পর্কে আলোচনা করা হবে। বিভিন্ন কারণে এটি করার সুপারিশ করা হতে পারে, যেমন যদি এনএইচএস এর বাওয়েল ক্যান্সার স্ক্রিনিং প্রোগ্রামের অংশ হিসেবে সংগৃহীত মলের নমুনায় রক্তের চিহ্ন দেখা যায়। এর অর্থ হতে পারে যে অন্ত্রে টিউমার রয়েছে, কারণ এগুলো থেকে মাঝে মাঝে রক্তক্ষরণ হয়। কোলনোস্কোপি করার অন্যান্য কারণও থাকতে পারে, যেমন অন্ত্রের নতুন ধরনের লক্ষণ প্রকাশ পেলে, যেমন মলে রক্তের উপস্থিতি দেখা গেলে অথবা কয়েক সপ্তাহ ধরে ডায়রিয়া থাকলে।

যদিও কোলনোস্কোপি একটি অত্যন্ত নিরাপদ প্রক্রিয়া, তবে ছোটখাটো জটিলতা দেখা দেয়ার সামান্য ঝুঁকি রয়েছে, এবং এগুলো আপনার সাথে আলোচনা করা হবে। সাথে করে নিয়ে যাওয়ার জন্য এবং পরে পড়ার জন্য সাধারণত আপনাকে লিখিত তথ্য প্রদান করা হবে। তা সত্ত্বেও, প্রক্রিয়াটি সম্পর্কে আপনার যে কোন প্রশ্ন থাকলে ডাক্তার বা নার্সকে জিজ্ঞাসা করতে দ্বিধা করবেন না। যদি আপনি কোলনোস্কোপি করতে খুশিমনে সম্মত থাকেন, তাহলে প্রক্রিয়াটি সম্পন্ন করার আগে আপনাকে একটি সম্মতিপত্রে স্বাক্ষর করতে বলা হবে।

কোলনোস্কোপি করার জন্য আপনার সাথে আলোচনা করে একটি তারিখ নির্দিষ্ট করা হবে। প্রক্রিয়াটির আগে, সম্ভাব্য সর্বোত্তমভাবে দেখার জন্য অন্ত্র খালি করে নেয়ার প্রয়োজন হবে। এর জন্য আগের দিন আপনাকে খাদ্য নিয়ন্ত্রণ করতে হবে এবং পেট খালি করার জন্য ঔষধ গ্রহণ করতে হবে। আপনার কোলনোস্কোপি করার আগের দিন বাড়ির বাইরে কোন কাজের পরিকল্পনা না করাই সবচেয়ে ভালো, কারণ পেট খালি করার ঔষধের কারণে আপনাকে অত্যন্ত ঘন ঘন টয়লেটে যেতে হবে। সেবনের জন্য আপনাকে প্রয়োজনীয় ঔষধ প্রদান করা হবে এবং পরীক্ষার আগে কি করতে হবে সেই সম্পর্কে সুনির্দিষ্ট লিখিত নির্দেশনা প্রদান করা হবে। এর অন্তর্ভুক্ত থাকতে পারে, আপনি গ্রহণ করছেন এমন অন্যান্য ঔষধ নিয়ন্ত্রণ অথবা তা সাময়িকভাবে বন্ধ রাখা (যেমন আপনি ডায়াবেটিস রোগী হলে)। কোলনোস্কোপি করার আগে সাধারণত বেশ কয়েক ঘন্টা খাওয়া বা পান করা সম্পূর্ণ বন্ধ রাখার প্রয়োজন হয়।

Module 3

মডিউল ৩:

কোলনোস্কোপি করা

আপনার কোলনোস্কোপি করার দিন আপনি এন্ডোস্কোপি বিভাগে উপস্থিত হবেন, এর আগে অল্প পুস্তকতকরণ ঔষধ সেবন করবেন এবং বেশ কয়েক ঘন্টা আগে থেকে কোন কিছুই খাবেন বা পান করবেন না। প্রক্রিয়াটির আগে, আপনার বিস্তারিত বিবরণ পুনরায় পরীক্ষা করা হবে, যার অন্তর্ভুক্ত থাকবে অন্যান্য স্বাস্থ্য সমস্যা, ঔষধ সেবন এবং সম্ভাব্য অ্যালার্জি। প্রক্রিয়াটির জন্য আপনার লিখিত সম্মতি গ্রহণ করা হবে যদি তা ইতিমধ্যেই না নেয়া হয়। আপনার গায়ের জামাকাপড় খুলে নিয়ে হাসপাতালের একটি গাউন পরার জন্য আপনাকে বলা হতে পারে। পরীক্ষার জন্য আপনাকে একটি এন্ডোস্কোপি কক্ষে নিয়ে যাওয়া হবে। সেখানে একটি পরীক্ষার টেবিল এবং বিভিন্ন ধরনের যন্ত্রপাতি রয়েছে। উক্ত কক্ষে সাধারণত এন্ডোস্কোপি বিশেষজ্ঞ এবং দুইজন নার্স আপনার দেখাশোনা করবেন।

কোলনোস্কোপি যন্ত্রটি হচ্ছে একটি নমনীয় নল, যার মাথায় রয়েছে একটি বিবর্ধক যন্ত্র এবং একটি লাইট। কোলনোস্কোপের হাতলে সংযুক্ত চাকা নিয়ন্ত্রণের মাধ্যমে কোলনোস্কোপের অগ্রভাগ নিয়ন্ত্রণ করা যায়। কোলনোস্কোপি একটি কম্পিউটারের সাথে সংযুক্ত, যার ফলে কোলনের অভ্যন্তরের দৃশ্যটি একটি পর্দায় দেখা যায়।

আপনার হাত বা বাহুর একটি শিরায় প্লাস্টিকের একটি সরু নল প্রবেশ করানো হবে, যার মাধ্যমে ঔষধ প্রদান করা হবে। আপনাকে ব্যথানিবারণকারী ঔষধ এবং খিঁচুনি প্রতিরোধক ঔষধ প্রদান করা হতে পারে যাতে প্রক্রিয়াটির সময় আপনার স্বস্তিপূর্ণ এবং নিরুদ্দিগ্ন থাকা নিশ্চিত করা যায়। এগুলো ছাড়াও আপনাকে ঘুমের ঔষধ বা এনটোনক্স নামক ব্যথানিবারণকারী গ্যাস নিতে বলা হতে পারে; তবে, এইগুলো নেয়া আপনি অপ্ৰয়োজনীয় মনে করতে পারেন। আপনার হাতের আঙ্গুলে একটি ছোট চিমটা লাগানো হবে, যার মাধ্যমে আপনার রক্তের অক্সিজেন এবং আপনার হৃদস্পন্দনের হার পর্যবেক্ষণ করা হবে। এছাড়াও সরু নলের মাধ্যমে আপনাকে বাড়তি অক্সিজেন দেয়া হতে পারে।

প্রক্রিয়াটি পরিচালনা করার সময় এন্ডোস্কোপি বিশেষজ্ঞ ব্যাখ্যা করবেন তিনি কি করছেন। প্রক্রিয়াটি শুরু করার সময় আপনি বাম দিকে কাত হয়ে শোবেন এবং আপনার হাঁটুগুলো পেটের দিকে ভাঁজ করে রাখবেন। আপনার শিরায় কোন প্রয়োজনীয় ঔষধ দেয়ার পর, কোলনোস্কোপি আলতোভাবে আপনার পায়েখানার রাস্তায় প্রবেশ করানো হবে। সেখান থেকে এটিকে ধীরে ধীরে বৃহদন্ত্রের বা কোলনের ভিতরে প্রবেশ করানো হবে এবং সামনের দিকে অগ্রসর করানো হবে। প্রক্রিয়াটির সময় কোলনোস্কোপটিকে সামনের দিকে এগিয়ে নেয়ার জন্য আপনার দেহের অবস্থান পরিবর্তনের প্রয়োজন হতে পারে। এই প্রক্রিয়াটি সাধারণত খুব ভালোভাবে সহ্য করা যায়, কিন্তু কখনো কখনো অস্বস্তি বা ব্যথা হতে পারে। এছাড়াও আপনি আটকে থাকা বায়ুর অনুভূতি অনুভব করতে পারেন।

প্রক্রিয়াটি সম্পন্ন হওয়ার পর আপনি এন্ডোস্কোপি নিরাময়ের স্থানে ফিরে যাবেন। আপনি সম্পূর্ণ সজাগ এবং সচেতন হওয়ার পর বাড়ি যেতে পারবেন। সেই সময় আপনার সাথে কোলনোস্কোপির ফলাফল নিয়ে আলোচনা করা হবে এবং, প্রয়োজনবোধে, আপনাকে পুনরায় দেখার ব্যবস্থা করা হতে পারে। আপনার এবং আপনার ডাক্তারের জন্য কোলনোস্কোপির একটি রিপোর্ট প্রদান করা হবে। যদি প্রক্রিয়াটির জন্য আপনাকে ঘুমের ঔষধ দেয়া হয়, তাহলে প্রক্রিয়াটির পর আপনি গাড়ি চালাতে পারবেন না। আপনার জন্য সবচেয়ে ভালো হবে কেউ এসে আপনাকে সাথে করে বাড়ি নিয়ে গেলে।

Module 4

মডিউল ৪:

টিউমার খুঁজে বের করা এবং অপসারণ করা

কোলনোস্কোপি শুধু আমাদেরকে টিউমার শনাক্ত করার সুযোগই প্রদান করে না, বরং সেইসাথে সেগুলো অপসারণ করার সুযোগও প্রদান করে। অপসারণ পদ্ধতি প্রায়ই নির্ভর করে শনাক্তকৃত টিউমারের প্রকৃতির উপর। কিছু কিছু টিউমার অন্ত্রের দেয়ালের উপর একটি বৃত্ত থেকে গজায়, এবং এগুলোকে বলা হয় বৃত্তীয় টিউমার বা পেডানকুলেটেড পলিপস। একটি ধাতব ফাঁস (এটিকে সুয়ার বলা হয়) কোলনোস্কোপের নিচ পর্যন্ত নিয়ে যাওয়া হতে পারে এবং বৃত্তটির চারপাশে স্থাপন করা হতে পারে। টিউমারটিকে এর গোড়ার দিক থেকে কেটে ফেলার জন্য ফাঁদের মধ্য দিয়ে একটি ক্ষুদ্র বৈদ্যুতিক প্রবাহ চালনা করা হয়। এরপর আরো পরীক্ষার জন্য টিউমারটিকে অপসারণ করা হতে পারে। চেপ্টা টিউমারও থাকতে পারে। এগুলো অন্ত্রের দেয়ালের পৃষ্ঠের কাছাকাছি থাকে এবং একটি ফাঁসের মাধ্যমেও অপসারণ করা যেতে পারে; তবে, প্রথমত, টিউমারটিকে উপরের দিকে উঠানো এবং অন্ত্রের দেয়াল থেকে বাইরের দিকে বের করে আনার জন্য এর নিচে অবশ্যই তরল পদার্থ ইনজেকশনের মাধ্যমে প্রবেশ করাতে হবে যাতে এর চারপাশে ফাঁস লাগানো যায়।

টিউমারগুলো সাধারণত বিপজ্জনক নয়, কিন্তু এগুলো ক্যান্সারের পথে ধাবিত হতে পারে। যে কোন অপসারিত টিউমারের দ্বারা অন্ত্রের ক্যান্সার সৃষ্টি করার সম্ভাবনা থাকে না।